



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারকনং-বশিবো/কলেজ/অনু/২০১৬/৩১০৯

তারিখ : ০৬/০৪/২০১৬ খ্রি.

বিষয় : একাডেমিক স্বীকৃতি প্রদান

সূত্র : শিম স্মারক নং-৩৭,০০,০০০০,০৭০.০৮,০৪৩,২০১৫-৬০৮

তারিখ: ১৪/০৩/২০১৬ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৩/০৪/২০১৬ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, মাওলানা গোলাম মোস্তফা খান মহিলা কলেজ, ডাক: নলছিটি, উপজেলা: নলছিটি, জেলা: ঝালকাঠি-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের একাডেমিক স্বীকৃতি কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে ০১/০৭/২০১৫ খ্রি. তারিখ থেকে ৩০/০৬/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য প্রদান করা হলো।

মঞ্জুরী কমিটি কর্তৃক অনুমোদিত না হলে এবং স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা	বিষয়
১। সকল শাখার জন্য	: বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)
২। নৈর্বাচনিক বিষয়	
ক) মানবিক শাখা	: পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, সমাজকর্ম, সমাজ বিজ্ঞান, যুক্তিবিদ্যা, গার্হস্থ্য বিজ্ঞান, সংস্কৃত এবং লঘু সংগীত।
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।
গ) সকল শাখার জন্য	: কৃষিশিক্ষা।

শর্তাবলী

- ০১। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে (এমপিও না দেয়ার শর্তে) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন-ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না।
- ০২। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাশ করতে হবে।
- ০৩। জনবল কাঠামো ২০১০ অনুসরণ করে শিক্ষক কর্মচারী নিয়োগ করে অত্র বোর্ডে অবহিত করতে হবে।
- ০৪। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাশের হার বৃদ্ধি করতে হবে।
- ০৫। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করা সহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে।
- ০৬। টিউটোরিয়াল ক্লাশ ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ০৭। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্য পুস্তক ও সাহায্যকারী পুস্তক এর সংখ্যা বাড়াতে হবে।
- ০৮। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাশ রগটিন দাখিল করতে হবে।
- ০৯। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ১০। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।
- ১১। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে।
- ১২। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে।

  
০৫-০৪-১৬


ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

  
০৬.০৪.১৬

অধ্যক্ষ

মাওলানা গোলাম মোস্তফা খান মহিলা কলেজ

ডাক : নলছিটি, উপজেলা : নলছিটি,

জেলা : ঝালকাঠি।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ০২। সচিব, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
- ০৫। সংরক্ষণ নথি।